তারিখ ... 05 APR 2016 ...
পৃষ্ঠা ...৪... কলাম ...৪... ......

সংবাদ

# প্রশিক্ষণের মাধ্যমে অটিস্টিক শিশুদের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার আহ্বান শিক্ষামন্ত্রীর

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অটিস্টিক শিশুদের উপযোগী কারিগরি দক্ষতার ওপর প্রশিক্ষণের মাধ্যমে জনগোষ্ঠীর মূল স্রোতধারায় সম্পৃক্ত করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, অটিজম কোন রোগ নয়। এটি এক ধরনের স্নায়ুবিক বৈকল্য। যথাযথ গবেষণার মাধ্যমে অটিস্টিক শিশুদের উপযোগী কারিগরি প্রশিক্ষণ খুঁজে বের করা সম্ভব।

মন্ত্রী গতকাল ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতায় এ কথা বলেন। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন অটিস্টিক একাডেমি স্থাপন প্রকল্পের পক্ষ থেকে বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে অটিস্টিক শিশুদের নিয়ে আয়োজিত ক্রীড়া, চিত্রাঙ্কন ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন শিক্ষামন্ত্রী।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এএস মাহমুদ, অটিস্টিক একাডেমি স্থাপন প্রকল্পের পরিচালক সালমা বেগম, সূচনা ফাউন্ডেশনের মহাসচিব ডা মাজহারুল মান্নান এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডা. শাহিনা আক্তার বক্তৃতা করেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছেন, অভিভাবকদের মৃত্যুর পর অটিস্টিক শিশুদের দায়িত্ব রাষ্ট্র গ্রহণ করবে। প্রধানমন্ত্রীর এ ঘোষণা অটিস্টিক শিশুদের অভিভাবকদের দুশ্চিন্তা লাঘব করবে। শিক্ষামন্ত্রী অটিজম সম্পর্কে বিশ্বব্যাপী জনসচেতনতা সৃষ্টিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা হোসেনের অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করেন।

মন্ত্রী বলেন, পূর্বাচলে অটিস্টিক একাডেমির নিজস্ব ভবন নির্মাণ করা হবে। অটিস্টিক একাডেমি স্থাপন প্রকল্পের পক্ষ থেকে আটিজম বিষয়ে সারাদেশে কর্মশালাসহ শিক্ষক প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে। দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের বিনামূল্যে ব্রেইলি প্রদানের উদ্যোগ নেয়া হচ্ছে।